

বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়
লেজিসলেটিভ সাপোর্ট উইং
আইন প্রণয়ন শাখা-১
www.parliament.gov.bd

সোমবার ১৪ বৈশাখ ১৪৩৩ মোতাবেক ২৭ এপ্রিল ২০২৬
বিকাল ৩:০০ ঘটিকায় অনুষ্ঠিত সংসদের বৈঠকের জন্য

দিনের কার্যসূচি

প্রশ্ন

প্রশ্ন জিজ্ঞাসা এবং উত্তর

(স্থানীয় সরকার বিভাগ, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, প্রধানমন্ত্রীর কার্যালয়,
নির্বাচন কমিশন সচিবালয় এবং রাষ্ট্রপতির কার্যালয়)

জরুরী জন-গুরুত্বসম্পন্ন বিষয়ে মনোযোগ আকর্ষণ (বিধি-৭১)

জরুরী জন-গুরুত্বসম্পন্ন বিষয়ে মনোযোগ আকর্ষণ (বিধি-৭১)-এর আওতায় প্রাপ্ত নোটিশসমূহ নিম্নলিখিত।

জরুরী জন-গুরুত্বসম্পন্ন বিষয়ে মনোযোগ আকর্ষণ (বিধি-৭১)-এর

গৃহীত নোটিশসমূহের উপর আলোচনা

১। জনাব জয়নুল আবদিন ফারুক (নোয়াখালী-২), মাননীয় সদস্য কর্তৃক আনীত “অবৈধ সিসা লাউঞ্জ বন্ধ করা” প্রসঙ্গে জরুরী জন-গুরুত্বসম্পন্ন বিষয়ে মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রীর মনোযোগ আকর্ষণ।

(নোটিশের প্রতিলিপি পৃথকভাবে পরিবেশন করা হইয়াছে)

২। ড. খন্দকার মোশাররফ হোসেন (কুমিল্লা-১), মাননীয় সদস্য কর্তৃক আনীত “দাউদকান্দি উপজেলার গৌরিপুর বাজারের উপর একটি ফ্লাইওভার নির্মাণ” প্রসঙ্গে জরুরী জন-গুরুত্বসম্পন্ন বিষয়ে মাননীয় সড়ক পরিবহন ও সেতু মন্ত্রীর মনোযোগ আকর্ষণ।

(নোটিশের প্রতিলিপি পৃথকভাবে পরিবেশন করা হইয়াছে)

৩। জনাব কামরুজ্জামান কামরুল (সুনামগঞ্জ-১), মাননীয় সদস্য কর্তৃক আনীত “আকস্মিক বজ্রপাত জনিত ক্ষতি মোকাবেলায় সঠিক গবেষণা ও বিজ্ঞানভিত্তিক পদক্ষেপ গ্রহণ” প্রসঙ্গে জরুরী জন-গুরুত্বসম্পন্ন বিষয়ে মাননীয় দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রীর মনোযোগ আকর্ষণ।

(নোটিশের প্রতিলিপি পৃথকভাবে পরিবেশন করা হইয়াছে)

রাষ্ট্রপতির ভাষণ সম্পর্কে আনীত ধন্যবাদ প্রস্তাব

মহামান্য রাষ্ট্রপতির ভাষণ সম্পর্কে আনীত ধন্যবাদ প্রস্তাবের উপর আলোচনা।

ঢাকা,
১৩ বৈশাখ ১৪৩৩
২৬ এপ্রিল ২০২৬

ব্যারিস্টার মো: গোলাম সরওয়ার ভূঁইয়া
সচিব।